# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬৩৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২৬]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৯০ : বেগানা নারী এবং কোনো সুদর্শন বালকের দিকে শরয়ী প্রয়োজন ছাড়া তাকানো হারাম

(290) بَابُ تَحْرِيْمِ النَّظْرِ إِلَى الْمَرْأَةِ الْأَجْنَبِيَّةِ وَالْأَمْرَدِ الْحَسَنِ لِغَيْرِ حَاجَةٍ شَرْعِيَّةٍ

---

আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ رَضِيَ اللهُ عَنْهَا قَالَتْ : كُنْتُ عِنْدَ رَسُوْلِ اللَّه وَعِنْدَهُ مَيْمُوْنَهُ، فَأَقْبَلَ ابْنُ أُمُّ مَكْتُوْمٍ، وَذَلِكَ بَعْدَ أَنْ أُمِرْنَا بِالْحِجَابِ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: «اِحْتَجِبَا مِنْهُ» فَقُلْنَا : يَا رَسُوْلَ اللهِ أَلَيْسَ هُوَ أَعْمىٰ : لَا يُبْصِرُنَا، وَلَا يَعْرِفُنَا ؟ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم : «أَفَعَمْيَاوَانِ أَنْتُمَا أَلَسْتُمَا تُبْصِرَانِهِ ؟» رواه أبو داود والترمذي وقَالَ: حَدِيثٌ حسنٌ صَحِيحٌ

বাংলা

৫/১৬৩৪। উম্মু সালামাহ্ রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত আছে। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট ছিলাম। তখন তাঁর নিকট মাইমুনাহ রাদিয়াল্লাহু আনহু-ও ছিলেন। এমন সময় আবদুল্লাহ ইবনু উম্মু মাকতুম এসে হাজির হন। এটা আমাদেরকে পর্দার হুকুম দেয়ার পরবর্তী ঘটনা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: ’’তার সম্মুখে পর্দা কর। আমরা বললাম, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! সে কি অন্ধ নয়? সে তো আমাদেরকে দেখতে পায় না, চিনতেও পারে না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: তোমরা দু’জনও কি অন্ধ? তাকে কি তোমরা দেখতে পাও না?’’ [আবূ দাঊদ, তিরমিযী হাদিসটিকে হাসান সহীহ বলেছেন] [1]

## English

(290) Chapter: Prohibition of gazing at women and Beardless Handsome Boys except in Exigency

Umm Salamah (May Allah be pleased with her) said:
I was with the Messenger of Allah (ﷺ) along with Maimunah (May Allah be pleased with her) when Ibn Umm Maktum (May Allah be pleased with him) (who was blind) came to visit him. (This incident took place after the order of Hijab). The Prophet (ﷺ) told us to hide ourselves from him (i.e., observe

Hijab). We said: "O Messenger of Allah (ﷺ), he is blind and is unable to see us, nor does he know us." He replied; "Are you also blind and unable to see him?"

[Abu Dawud and At- Tirmidhi].

Commentary: One of the subnarrator of this Hadith is An-Nabhan, the freed slave of Umm Salamah (May Allah be pleased with him)u, who is Majhul (unknown). (This is the opinion of Sheikh Al-Albani). Thus this Hadith is not correct. Against this there is a reliable Hadith according to which the Prophet (PBUH) ordered Fatimah bint Qais (May Allah be pleased with her) to spend her `Iddah (probation observed on divorce or death of the husband) in the house of `Abdullah bin Umm Maktum and said that "Since he is blind, you will be in a position to your veil there.'' Thus it is clear that keeping the veil from the blind is not ordained in Islam.

## ফুটনোট

[1] আমি [আলবানী) বলছিঃ তিনি এরূপই বলেছেন। আর এর সনদের মধ্যে উম্মু সালামার দাস নাবহান রয়েছেন। তার ব্যাপারে অজ্ঞতা রয়েছে। অর্থাৎ তিনি মাজহূল। এ সম্পর্কে বিস্তারিত জানতে দেখুন শাইখ আলবানী রচিত গ্রন্থ ‘‘আররাদ্দুল মুকহিম’’ [১/৬২ হা নং ৫)।

আবূ দাউদ ৪১১২, তিরমিজি ২৭৭৮। আহমাদ ২৬৫৭৯।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🞎 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=29316

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন